



ಕರ್ನಾಟಕ ಸರ್ಕಾರ  
ಕರ್ನಾಟಕ ಸರ್ಕಾರ, ಬೆಂಗಳೂರು

**Job Category:** Administration/General  
Management

**Job Source:** ಕರ್ನಾಟಕ ಸರ್ಕಾರ

## Job Summary

**Posted On:** 13 Dec 2024

**Application Deadline:** 12 Jan 2025

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, কুষ্টিয়া।  
(স্থানীয় সরকার শাখা)  
www.kushtia.gov.bd

স্মারক নম্বর- ০০.৪০.৫০০০.০০৯.১১.০০১.২০২৪-৪২৪

তারিখঃ ২৫ অগ্রহায়ণ, ১৪৩১  
১০ ডিসেম্বর, ২০২৪


নিয়োগ বিজ্ঞপ্তি

কুষ্টিয়া জেলাধীন বিভিন্ন ইউনিয়ন পরিষদে ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা এর শূন্যপদ পূরণ ও ১ (এক) বছরের মধ্যে পদ শূন্য হলে তা পূরণের লক্ষ্যে প্যানেল তৈরির নিমিত্ত নিম্নোক্ত শর্তসাপেক্ষে কুষ্টিয়া জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নির্ধারিত চাকরির আবেদন ফরমে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	বেতন স্কেল	শিক্ষাগত যোগ্যতা
১	ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা	০৭	১০২০০-২৪৬৮০/- ও অন্যান্য ভাতাদি। মোট বেতনভাতার ৭৫% সরকার এবং অবশিষ্ট ২৫% সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের হিসাব হতে সংগ্রহসাপেক্ষে একত্রে ১০০% বেতনভাতাদি এ কার্যালয় হতে পরিশোধযোগ্য।	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে দ্বিতীয় শ্রেণির মাতক বা সমমানের ডিগ্রি।

শর্তাবলী

- প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও কুষ্টিয়া জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- প্রার্থীর বয়সসীমা ১২/০১/২০২৫ তারিখে ১৮-৩২ বছরের মধ্যে সীমাবদ্ধ হতে হবে। তবে সরকার কর্তৃক বিভিন্ন সময়ে জারিকৃত নির্দেশনা মূলে প্রাধিকার প্রাপ্তদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- বীর মুক্তিযোদ্ধা, শহিদ বীর মুক্তিযোদ্ধা ও বীরান্ধনার সন্তানদের ক্ষেত্রে সরকারের যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত সনদ থাকতে হবে।
- সরকার কর্তৃক ঘোষিত সর্বশেষ নীতিমালা অনুযায়ী কোটা সংরক্ষণ করা হবে।
- প্রার্থীকে আবেদনপত্রের সাথে যে কোন তফশিলি ব্যাংক হতে ২০০/- (দুইশত) টাকার ব্যাংকড্রাফট (অফেরতযোগ্য) জেলা প্রশাসক, কুষ্টিয়ার অনুকূলে দাখিল করতে হবে।
- চাকরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে। এ ক্ষেত্রে কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।
- প্রার্থীদের নির্বাচনী (লিখিত ও মৌখিক) পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- আবেদনপত্র গ্রহণ বা বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে। এ বিষয়ে কোন আপত্তি গ্রহণ করা হবে না।
- কর্তৃপক্ষ প্রয়োজনবোধে সরকারি নির্দেশনার আলোকে কোন শর্ত সংযোজন, বিয়োজন, সংশোধন ও পরিবর্তন করতে পারবেন।
- আবেদনপত্রের সঙ্গে ১০/- (দশ) টাকার ডাকটিকিট সম্বলিত নিজ ঠিকানা লিখিত (যে ঠিকানায় ইন্টারভিউ কার্ড পেতে চান) খাম জমা দিতে হবে।
- অনিবার্য কারণবশতঃ কর্তৃপক্ষ এ নিয়োগ কার্যক্রম স্থগিত ও সময় পরিবর্তন এবং বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।
- নিয়োগপত্র স্বাক্ষরের তারিখ হতে পরবর্তী ১ (এক) বছরের জন্য এই প্যানেল কার্যকর থাকবে।
- কোন রকম সুপারিশ/তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।
- জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৯ ডিসেম্বর ২০১৪ তারিখের ০৫.১১০.০০০.০০.০০.০০৮৯.১৪-০১ নম্বর স্মারকে জারিকৃত চাকরির নির্ধারিত আবেদন ফরমে আগ্রহী প্রার্থীদেরকে জেলা প্রশাসক, কুষ্টিয়া বরাবর লিখিত আবেদনপত্রটি আগামী ১২/০১/২০২৫ তারিখ বিকাল- ০৫:০০ ঘটিকার মধ্যে অফিস চলাকালীন সময়ে সরাসরি অথবা ডাকযোগে জেলা প্রশাসকের কার্যালয় কুষ্টিয়ায় পৌঁছাতে হবে। আবেদন ফরম জেলা তথ্য বাতায়ন (www.kushtia.gov.bd) হতে সংগ্রহ করা যাবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৩ (তিন) কপি ৫x৫ সে.মি আকারের রঙিন ছবি (সত্যায়নকারী কর্মকর্তার নাম, পদবীযুক্ত স্পষ্ট সীল থাকতে হবে) আবেদন ফরমের নির্ধারিত স্থানে সংযুক্ত করতে হবে এবং ০২ (দুই) কপি স্ট্যাম্প সাইজের রঙিন ছবি দাখিল করতে হবে।
- আবেদন ফরমের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সনদ ও অন্যান্য সনদ এবং জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করতে হবে। লিখিত পরীক্ষায় নির্বাচিত প্রার্থীগণকে মৌখিক পরীক্ষার সময় আবেদন ফরমে লিখিত তথ্যাদি প্রমাণের জন্য সকল মূল সনদ ও অন্যান্য কাগজপত্রাদি উপস্থাপন করতে হবে। এ ক্ষেত্রে কোনো তথ্য অসত্য বলে প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।



মোঃ তৌফিকুর রহমান  
জেলা প্রশাসক  
কুষ্টিয়া।

ফোন নং-০২৪৭৭৭৮২৩০০  
dckushtia@mopa.gov.bd

PC-1273/24 (9"x4)